



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.২২.০০১.১৯.৩০৩

তারিখ: ২০/০৩/২০২২

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমূহে ফ্রিকোয়েন্সি অনুসারে বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার প্রস্তুতকরণ

২০৩০ সালের মধ্যে SDG-4 এর কাজক্ষিত লক্ষ্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্য পূরণের জন্য প্রয়োজন শিক্ষার কার্যকর একাডেমিক সুপারভিশন এবং মনিটরিং কার্যক্রম জোরদারকরণ। এ লক্ষ্যে মাউশি অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন শিক্ষা অফিসে কর্মরত কর্মকর্তাগণ নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে মনিটরিং প্রতিবেদন মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং, মাউশি অধিদপ্তরে প্রেরণ করে থাকেন। প্রতিষ্ঠান পর্যায়ে নিয়মিত ও কার্যকর একাডেমিক সুপারভিশন এবং মনিটরিং নিশ্চিতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে ২০২২ সাল হতে ফ্রিকোয়েন্সি অনুসারে বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার DMS অ্যাপ/ ড্যাশবোর্ড এর মাধ্যমে প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণীয়:

১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত ISAS-2019 এর প্রতিবেদনের আলোকে মাউশি অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পারফরমেন্স এর ভিত্তিতে প্রতিষ্ঠানসমূহকে A, B, C, D এবং E ক্যাটাগরীতে শ্রেণিবিণ্যাস করা হয়েছে (তালিকা সংযুক্ত)। পাঁচটি ক্যাটাগরীর প্রতিষ্ঠানসমূহই যেন বছরব্যাপী প্রয়োজন মাফিক পরিদর্শনের আওতাভুক্ত হয় এ উদ্দেশ্যে সকল ক্যাটাগরীর বিদ্যালয় পরিদর্শনের জন্য নিম্নোক্ত প্রমাপ অনুসৃত হবে:

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিদ্যালয় মনিটরিং ও একাডেমিক সুপারভিশনের বার্ষিক ফ্রিকোয়েন্সি (Frequency):

ক্যাটাগরী- এ	ক্যাটাগরী- বি	ক্যাটাগরী-সি	ক্যাটাগরী-ডি/ই
প্রতি ৩ মাসে ১ বার বাৎসরিক পরিদর্শন সংখ্যা-৪টি	প্রতি ২ মাসে ১ বার বাৎসরিক পরিদর্শন সংখ্যা- ৬টি	প্রতি ৪৫ দিনে (দেড় মাসে) ১ বার বাৎসরিক পরিদর্শন সংখ্যা- ৮টি	প্রতি মাসে ১ বার বাৎসরিক পরিদর্শন সংখ্যা-১২টি

২। সকল জেলা শিক্ষা কর্মকর্তা তার জেলার প্রত্যেক উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও অন্যান্য পরিদর্শনকারী কর্মকর্তাগণের সমন্বয়ে আগামী ৩০ মার্চ ২০২২ তারিখের মধ্যে একটি সমন্বয় সভা করবেন, তাঁর জেলার মাধ্যমিক বিদ্যালয়সমূহ পরিদর্শনের নিমিত্ত ক্লাস্টার ভিত্তিক সকল কর্মকর্তার (জেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী জেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী পরিদর্শক, থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সহকারী থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, একাডেমিক সুপারভাইজার) মধ্যে বন্টন করবেন এবং DMS অ্যাপ/ ড্যাশবোর্ড এ ইনপুট দেবেন। পরিদর্শনকারী কর্মকর্তার স্বল্পতা সাপেক্ষে জেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনবোধে গবেষণা কর্মকর্তাকে তার নির্ধারিত দায়িত্ব পালন সাপেক্ষে পরিদর্শনের দায়িত্ব প্রদান করতে পারবেন। উক্ত সমন্বয় সভায় পরিচালক (অঞ্চলিক) প্রধান অতিথি এবং উপ-পরিচালক (মাধ্যমিক) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

৩। সকল পরিদর্শনকারী কর্মকর্তা dshe.mmcm.gov.bd ওয়েবসাইটে গিয়ে অথবা গুগোল প্লে স্টোর হতে Digital Monitoring System (DMS) অ্যাপ ডাউনলোড করে নিজ নিজ emis.gov.bd এর ব্যবহৃত আইডি এবং সরবরাহকৃত পাসওয়ার্ড দিয়ে লগইন করে সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী বার্ষিক পরিদর্শন ছক পূরণ করবেন।

৪। প্রত্যেক জেলা এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ মাসে ন্যূনতম ৫টি বিদ্যালয়ে পরিদর্শন করবেন।

৫। ক্যাটাগরীভুক্ত বিদ্যালয়ের বাইরে কোন বিদ্যালয় থাকলে তা ক্লাস্টারে অন্তর্ভুক্ত করে মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।


সংযুক্তি:

- ISAS-2019 শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাটাগরী তালিকা
- ড্যাশবোর্ড এ বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার ইনপুট এর ম্যানুয়াল

স্বাক্ষরিত/-  
(প্রফেসর নেহাল আহমেদ)  
মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. উপ-পরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
১০. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
১১. উপজেলা/ থানা একাডেমিক সুপারভাইজার (সকল)
১২. পি এ টু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৩. সংরক্ষণ নথি।

  
২০/০৩/২০২২

(মোহছেনা বেগম)

সহকারী পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা